



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
আইন বিভাগ

ফোন : ০২-২২৩৩৮৪৪৮৭, ০২-৪৭১২০৫১৬
email: dgmlaw@krishibank.org.bd

নং-প্রকা/আইন-৪১১(অংশ-৩)/২০২৩-২০২৪/১০৯৩

তারিখঃ ০৫-০৫-২০২৪

সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আদালতে মামলা দায়েরের পূর্বে ঋণ পরিশোধের জন্য উকিল নোটিশ প্রদান বিল মঞ্জুরী প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের ২৯-০২-২০২৪ তারিখের পরিপত্র নং ডিএমডি(আইন) পরিপত্র ০২/২০২৪ এর ১৪(গ) নং অনুচ্ছেদে অর্থঋণ আদালতে মামলা দায়ের পূর্বে ঋণ পরিশোধের জন্য উকিল নোটিশ বিল বাবদ নোটিশ প্রতি ৩০০/- (তিনশত) টাকা নির্ধারণ করা হয়েছে। উক্ত পরিপত্রে চেকের বিপরীতে প্রদত্ত খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে এন আই এ্যাক্ট এর আওতায় মামলা দায়ের করার পূর্বে ঋণ পরিশোধের জন্য উকিল নোটিশ প্রদানের ক্ষেত্রে কি হারে বিল প্রদান করতে হবে সে বিষয়ে কোন নির্দেশনা না থাকায় স্পষ্টীকরণের নিমিত্ত এবিষয়ে মতামতের জন্য ব্যাংকের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট নথি উপস্থাপন করা হলে তিনি নিম্নরূপ মতামত প্রদান করেনঃ

“.....দায়কের নিকট হতে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ের জন্য অর্থঋণ আদালত আইন-২০০৩ ছাড়াও এন আই এ্যাক্ট ১৮৮১, মানিস্যুটসহ দেওয়ানী প্রকৃতির অন্যান্য মামলা দায়েরের পূর্বে উকিল নোটিশ প্রদান করা হলে বিগত ২৯-০২-২০২৪ তারিখের ডিএমডি (আইন) পরিপত্র নং ০২/২০২৪ এর ১৪(গ) অনুচ্ছেদের ন্যায় নোটিশ প্রতি ৩০০ টাকা করে বিজ্ঞ আইনজীবীর ফিস প্রদান করা যেতে পারে।”

০২। এমতাবস্থায়, অর্থঋণ আদালত আইন-২০০৩ ছাড়াও এন আই এ্যাক্ট ১৮৮১, মানিস্যুটসহ দেওয়ানী প্রকৃতির অন্যান্য মামলা দায়েরের পূর্বে উকিল নোটিশের বিল প্রদানের ক্ষেত্রে বিজ্ঞ আইন উপদেষ্টার উপরিউক্ত মতামত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ আহাদ খান)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ঋণ আদায় মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। অফিস নথি।